**A Peer Reviewed Bangla Journal**

**Centre for Gender studies**

**St. Xavier's College (Autonomous), Kolkata**

**E Mail: cgs.swar@sxccal.edu**

**Phone: 8017067174 / 7384343432**

## 'স্বর' (পঞ্চম বার্ষিক সংখ্যা)-র জন্য লেখা আহ্বান

## এই সংখ্যার বিষয়: কর্মপরিসরে লিঙ্গসচেতনতা

## লেখা পাঠানোর শেষ তারিখ: ২০ নভেম্বর, ২০২৬

মানুষের জন্মগত শারীরবৃত্তীয় পরিচয় জড়িয়ে থাকে তার লিঙ্গপরিচয়ের মধ্যে, আর তার মানসিক ক্রমপরিণতির পথে ধীরে ধীরে স্পষ্ট হয়ে ওঠে তার যৌন পরিচয় ও যৌনতার বোধ। শারীরিকভাবে যা তার জন্মগত অর্জন, তার সঙ্গে নিজস্ব ভাবনা ও সচেতনতার তফাত হয়ে যায় ঠিক এইখানেই, আর সেজন্যই লিঙ্গসচেতনতা আর যৌন সচেতনতার বোধ ক্ষেত্রবিশেষে আলাদা এবং এই দুয়ের মধ্যে সংযোগ কিংবা পার্থক্যের সেতু তৈরি করা মনস্তাত্ত্বিকভাবেই যথেষ্ট জটিল। কিন্তু এ দুইটি বোধসঞ্জাত অনুভূতিতে মানুষ সাধারণত অভ্যস্ত হয়ে ওঠে প্রাপ্তবয়স্ক হয়ে ওঠার আগেই, আর সেই অর্থে পেশাজগতে বা কর্মজগতে তার প্রবেশাধিকার ঘটে এক-একটি পরিণতমনস্ক মানুষ হয়ে ওঠার বেশ খানিকটা পরে। এতদ্‌সত্ত্বেও, কর্মপরিসরে অন্য লিঙ্গ এমনকি সমলিঙ্গের সহকর্মীদের প্রতিও ঠিক কী আচরণ করলে তার লিঙ্গপরিচয়গত সম্মান অটুট এবং অক্ষুণ্ন রেখে কর্মপরিবেশের ভারসাম্য বজায় রাখা যায়, এ হিসেব বহু ক্ষেত্রেই যে আজও অধরা, তার নজির মেলে দেশজোড়া বিবিধ যৌন হেনস্থা ও অপমানের অভিযোগের ভিড়ে। এক্ষেত্রে বারবার যে নীতিগুলি থেকে সামাজিক স্তরে বিচ্যুতি ঘটে, তার মূলগত কারণ অবশ্যই লিঙ্গনির্বিশেষ সমতার ধারণা না থাকা এবং তার ফলে সমান সুযোগের অধিকার থেকে বঞ্চিত হওয়া। এ ছাড়াও আরও যে বিষয়গুলি সম্পর্কে সংবেদনশীলতা বজায় রাখা জরুরি, তার অন্যতম হল, প্রতিটি সহকর্মীর প্রতি ব্যবহারে সম্মানজনক লিঙ্গসচেতনতার প্রকাশ, কর্মীদের দায়িত্ব আরোপ এবং পেশাগত নিয়োগের ক্ষেত্রে প্রথাগত অসংগতিগুলি সচেতনতার সঙ্গে এড়িয়ে যাওয়ার প্রচেষ্টা, সমস্ত লিঙ্গপরিচয়ের স্বার্থরক্ষার বিষয়টি মাথায় রেখে সামগ্রিকভাবে অন্তর্ভুক্তিমূলক নীতি প্রণয়ন এবং অতি অবশ্যই, লিঙ্গগত পার্থক্যবিশেষে কর্মজগতে যেসব সমস্যার উদ্রেক হয়, সেগুলির বিষয়ে যথাযথ সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে প্রাতিষ্ঠানিক নিয়ম এবং মানবিক সংবেদনশীলতার মধ্যে ভারসাম্য বজায় রাখা। সংগঠিত এবং অসংগঠিত কর্মক্ষেত্রগুলিতে লিঙ্গসচেতনতার অভাব এবং প্রয়োজনীয় নীতিগত অসাম্যের জেরে যে ধরনের সামাজিক সমস্যার মুখোমুখি প্রতিনিয়ত হতে হয় সমাজের একেবারে বুনিয়াদি থেকে শুরু করে উচ্চতর অর্থনৈতিক শ্রেণির কর্মীদেরও, তার একটি প্রামাণ্য খতিয়ান রেখে যাওয়া যেমন আমাদের উদ্দেশ্য, তেমনই বিন্দুতে সিন্ধুভাবনা হলেও এর সম্ভাব্য সমাধান নিয়ে তাত্ত্বিক ও প্রায়োগিক— দুই স্তরেই আলোচনার পারাবারে সামান্য তরঙ্গযোজনা অন্তত হোক, এই-ই আমাদের অন্বিষ্ট।

### সম্ভাব্য বিষয়

- কর্মজগতে লিঙ্গসচেতনতার তাত্ত্বিক ও প্রায়োগিক রূপ, প্রয়োজনীয়তা এবং ভারতীয় সমাজব্যবস্থার নিরিখে তার গ্রহণযোগ্যতা
- উপস্থাপনা-নির্ভর কর্মক্ষেত্রগুলিতে লিঙ্গসচেতনতা ও লিঙ্গরাজনীতি
- কর্মক্ষেত্রে লিঙ্গসচেতনতার পরিসরে ভারতীয় আইন এবং অর্থনীতির ভূমিকা
- অসংগঠিত কর্মক্ষেত্রে লিঙ্গসচেতনতা ও লিঙ্গবৈষম্য সংক্রান্ত জটিলতার স্বরূপ
- কর্পোরেট কর্মজগতে লিঙ্গসচেতনতা ও লিঙ্গরাজনীতি
- কর্মক্ষেত্রে যৌন হয়রানি প্রতিরোধ ও সুরক্ষার ক্ষেত্রে সাংগঠনিক স্তরে অভ্যন্তরীণ অভিযোগ কমিটির ভূমিকা
- আবেদনপত্র, নিয়োগপত্র, পেশাগত পরিচয়নির্ভর বিবিধ প্রাতিষ্ঠানিক পরিচিতিপত্র এবং লিঙ্গপরিচয়জ্ঞাপনের ক্ষেত্রে অসচেতন অসংবেদনশীলতার নজির
- কর্মক্ষেত্রে তৃতীয় লিঙ্গপরিচয় এবং তৎসংক্রান্ত জটিলতা, বিতর্ক, অস্বস্তি ও অজ্ঞানতার প্রসঙ্গ

উপরোক্ত বিষয়গুলি ছাড়াও **কর্মপরিসরে লিঙ্গসচেতনতা** সংক্রান্ত যে-কোনো বিষয়ে গবেষণামূলক প্রবন্ধ আহ্বান করা হচ্ছে।

A Peer Reviewed Bangla Journal
Centre for Gender studies
St. Xavier's College (Autonomous), Kolkata
E Mail: cgs.swar@sxccal.edu
Phone: 7384343432 / 8017067174

## লেখা পাঠাবার নিয়মাবলি

- অপ্রকাশিত, মৌলিক গবেষণামূলক বাংলা প্রবন্ধ পাঠাতে হবে। প্রবন্ধের অংশবিশেষ পূর্বপ্রকাশিত হলে সে লেখা গৃহীত হবে না।
- শব্দসংখ্যা অনধিক ৩৫০০।
- লেখার শিরোনাম, সংক্ষিপ্ত লেখক পরিচিতি (ইমেল আইডি ও ফোন নাম্বার সহ), লেখার সংক্ষিপ্তসার (অনধিক ৩০০ শব্দ), সূচক শব্দ (অন্তত ৫টি) অবশ্যই দিতে হবে।
- লেখায় উল্লেখপঞ্জি সংযুক্ত করতে হবে।
- লেখার শেষে নির্বাচিত গ্রন্থপঞ্জি (বাংলা, ইংরেজি ও অন্যান্য ভাষা) বর্ণানুক্রমে সাজিয়ে দিতে হবে।
- অভ্র ইউনিকোডে কালপুরুষ ফন্ট ব্যবহার করে লিখতে। মূল লেখার ফন্ট সাইজ ১২, শিরোনামের ফন্ট সাইজ ১৪ এবং অন্ত্যটীকার ফন্ট সাইজ হবে ১০। লাইন স্পেস ১.৫ থাকবে। শিরোনাম ছাড়া অন্য কোথাও বোল্ড বা মোটা হরফ ব্যবহার না করাই বাঞ্ছনীয়। লেখাটির ওয়ার্ড ও পিডিএফ দুটো ফাইল পাঠাতে হবে।
- লেখা পাঠাতে হবে cgs.swar@sxccal.edu ইমেল আইডিতে।
- লেখা পাঠানোর সময়সীমা ২০ নভেম্বর, ২০২৬। লেখা মনোনীত হলে ই-মেল মারফত জানিয়ে দেওয়া হবে।

## উল্লেখপঞ্জি নির্দেশের নিয়মাবলি—

### বই

- Alan Cruttenden, *Language in Infancy & Childhood* (Manchester: Manchester University University Press, 1979), 88.

### সম্পাদিত বই থেকে প্রবন্ধ

- P K. Kuhl, 'Cognition and the Ontogenetic and Phylogenic Emergence of Human Speech', *Plasticity of Development.* S. Brauth, W. Hall & R. Dooling (Ed.), (Cambridge: Bradford Books, 1991), 16.

### পত্রিকা থেকে প্রবন্ধ

- Benedict, H. 'Early Lexical Development: Comprehension & Production', *Journal of Child language* (No. 6, 1979): 50.
- অপ্রকাশিত গবেষণার ক্ষেত্রে গবেষকের নাম, গবেষণার শিরোনাম, বিশ্ববিদ্যালয়ের নাম ও গবেষণা সাল উল্লেখ করতে হবে।
- বৈদ্যুতিন তথ্যসূত্রের ক্ষেত্রে 'url id' ও 'accessed oncgs' উল্লেখ করতে হবে।

## গ্রন্থপঞ্জি:

### বই

- Cruttenden, Alan. *Language in Infancy & Childhood.* First Edition. Manchester. Manchester University Press. 1979.

### সম্পাদিত বই থেকে প্রবন্ধ

- Kuhl, P K. 'Cognition and the Ontogenetic and Phylogenic Emergence of Human Speech'. In Brauth, S. & W., hall & R., dooling (Ed.). *Plasticity of Development.* Cambridge. Bradford Books. 1991.

### পত্রিকা থেকে প্রবন্ধ

- Benedict, H. 'Early Lexical Development: Comprehension & Production'. *Journal of Child Language,* No. 6, 1979.

**ফোন: 8017067174/ 7384343432**
**মেল আইডি: cgs.swar@sxccal.edu**